ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১১৭

আগরতলা,৪ আগস্ট,২০২৫

# স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানের বিষয়ে সংবাদমাধ্যমের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভা

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে আসাম রাইফেলস ময়দানে অনুষ্ঠিতব্য মূল অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে কভারেজ করার লক্ষ্যে আজ তথ্য ও সংস্কৃতি দপ্তরের কনফারেন্স হলে সংবাদমাধ্যমের প্রতিনিধিদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনার শুরুতে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে আসাম রাইফেলস ময়দানে মূল অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে কভারেজ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, প্রতি বছরের মত এবারও বিভিন্ন সংবাদমাধ্যমের চিত্র সাংবাদিক ও ভিডিও জার্নালিস্টদের জন্য পাস ইস্যু করা হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সংবাদমাধ্যমের মনোনীত চিত্র সাংবাদিক ও ভিডিও জার্নালিস্টদের আগামী ১০ আগস্টের মধ্যে নাম সহ ২ কপি পাসপোর্ট সাইজের ছবি তথ্য ও সংস্কৃতি দপ্তরে জমা দিতে হবে। ১২ আগস্টের মধ্যে পাস ইস্যু করার বিষয়ে সভায় উপস্থিত পুলিশ আধিকারিকদের অনুরোধ জানান তিনি। সভায় দপ্তরের উপ-অধিকর্তা রজত কান্তি দাস এবং বিভিন্ন সংবাদমাধ্যমের চিত্র সাংবাদিক ও ভিডিও জার্নালিস্টগণ উপস্থিত ছিলেন এবং আলোচনায় অংশগ্রহণ করেন।

*****